রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১৬, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ৩১ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৫ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং-৩৪১-আইন/২০২৬/৩৭২-মূসক।**—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, ৮ জুন, ২০২৬ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৯-আইন/২০২৬/ ৩৩৪-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ২৪.০২ ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ২৪০২.২০.০০ এর বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“ প্রতি দশ শলাকা সিগারেটের সর্বোচ্চ খুচরা মূল্য (প্যাকেটের গায়ে সর্বোচ্চ খুচরা মূল্য, সিগারেটের সংখ্যা, সুস্পষ্ট লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার এবং ফ্লেভারিং ক্যাপসুল সংবলিত সিগারেট বাজারে নিম্ন স্তরে সরবরাহের ফলে ধূমপায়ীর সংখ্যা বৃদ্ধির কারণে জনস্বাস্থ্যের ঝুঁকি বৃদ্ধি পাইতে পারে বিধায় স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় ফ্লেভারিং ক্যাপসুল সংবলিত সিগারেট মধ্যম স্তরের নিম্নে সরবরাহ না করিবার শর্তে)

| |
|---|
| নিম্ন স্তর- ৬৫ টাকা ও তদূর্ধ্ব |
| মধ্যম স্তর- ৯২ টাকা ও তদূর্ধ্ব |
| উচ্চ স্তর- ১৬০ টাকা ও তদূর্ধ্ব |
| অতি উচ্চ স্তর- ২১০ টাকা ও তদূর্ধ্ব |

”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আহসান হাবিব**
ভারপ্রাপ্ত সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ আবু ইউসুফ, পরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd